



## বাংলাদেশ শিল্পকলা একাডেমি

৪৩.২০.০০০০.০০১.০৯.০০১.১৮.১১৭

তারিখ: ১১ অক্টোবর ২০১৮

বিষয়ঃ সকল জেলা শহরে 'শিল্পের শহর' কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের রয়েছে শিল্প-সাহিত্য সংস্কৃতির হাজার বছরের বর্ণাঢ্য ঐতিহ্য এবং উত্তরাধিকার। এদেশের সংস্কৃতিচর্চার বিকাশে রাজধানী ঢাকার পাশাপাশি জেলা শহরগুলোর ভূমিকাও তাৎপর্যপূর্ণ। জেলা শহরগুলো একসময় আমাদের গ্রামীণ ও লোক ঐতিহ্যের প্রাণকেন্দ্রে পরিণত হয়েছিল; গ্রাম বাংলার রূপ-সৌন্দর্য, লোকায়ত জীবনচিহ্ন ও সংস্কৃতি চর্চা পরিশীলিতভাবে উঠে আসতো শহরের সাংস্কৃতিক আয়তনে। সেসময় জেলা শহরের সাংস্কৃতিক আবহের মধ্যে ফুটে উঠতো জেলার নান্দনিক স্বরূপ। কিন্তু আজ শহরগুলো আমাদের কৃষ্টি ও শিল্পচর্চার চারণভূমিরূপে বিদ্যমান নেই। বাংলাদেশ শিল্পকলা একাডেমি শহরের হারানো ঐতিহ্যকে পুনরুদ্ধারের জন্য বিভিন্ন উদ্যোগ হাতে নিয়েছে, এরই একটি 'শিল্পের শহর' কর্মসূচি। এ কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় পর্যায়ক্রমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হবে। এই উদ্যোগের প্রথম কার্যক্রম হিসেবে 'শিল্পের শহর ঢাকা' শিরোনামে ২৬-২৮ জুলাই ২০১৮ ঢাকা শহরের কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে পারফরমেন্স আর্ট এবং বাউল সংগীতদলের পরিবেশনা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে প্রতিটি বিভাগীয় শহরে এই কর্মসূচির আওতায় দশটি করে অনুষ্ঠান পরিবেশিত হয়।

এ পর্যায়ে আমরা দেশের প্রতিটি জেলায় 'শিল্পের শহর' কর্মসূচি চালু করার উদ্যোগ নিয়েছি। প্রাথমিকভাবে প্রতিটি জেলা শহরের একটি গুরুত্বপূর্ণ স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। সংগীত, নৃত্য, আবৃত্তি, নাটকসহ পরিবেশনা শিল্পের বিভিন্ন অনুষঙ্গের সমন্বয়ে একটি অনুষ্ঠান প্রয়োজিত ও পরিবেশিত হবে। এ কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা কালচারাল অফিসার বরাবর ১০,০০০.০০ (দশ হাজার) টাকার চেক প্রদান করা হবে। আগামী নভেম্বর মাসে নির্ধারিত তারিখে জেলা শহরের একটি গুরুত্বপূর্ণ স্থানে জেলা শিল্পকলা একাডেমিকে অনুষ্ঠানটি বাস্তবায়ন করতে হবে। জেলা শহরে কখন এবং কোথায় কর্মসূচিটি বাস্তবায়ন করা হবে তার সূচি আগামী পাঁচ দিনের মধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণ করতে হবে। দ্রুত প্রয়োজনে সূচিটি পাঠাতে হবে: shilpakalabd@gmail.com এই মেইলে। জেলার কর্মসূচিসমূহ কেন্দ্রীয়ভাবে প্রচারের ব্যবস্থা করা হবে।

শিল্প-সংস্কৃতির হারানো ঐতিহ্যকে পুনরুদ্ধারের মাধ্যমে জেলা শহরগুলোকে শিল্পচর্চার একেকটি প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গৃহিত 'শিল্পের শহর' কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ তারিখ ভিত্তিক তালিকা।

লিয়াকত আলী লাকী  
মহাপরিচালক

ফোন: ০২৯৫৬২৮৩৬, ফ্যাক্স: ০২৯৫৬২৮৫৩

জেলা কালচারাল অফিসার  
জেলা শিল্পকলা একাডেমি

.....

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. জেলা প্রশাসক ও সভাপতি/ চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, .....
২. সাধারণ সম্পাদক/ সদস্যসচিব, জেলা শিল্পকলা একাডেমি, .....
৩. অফিস কপি।